গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ১ম কোয়ার্টারের 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৭/২০২৩ দুপুর ০২.৪৫ ঘটিকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/জুম প্ল্যাটফর্ম। |

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **'পরিশিষ্ট-'ক'**।

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল অনুবিভাগ ও এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা'র কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি জানান যে, আমাদের নিজ নিজ কার্যালয়ে সমস্যাসমূহ চিহ্নিত করে তা সমাধানের উদ্যোগী হতে হবে। তিনি বলেন বাংলাদেশের গ্রামীন অর্থনীতির উন্নয়নের ক্ষেত্রে সমবায় অধিদপ্তর, বিআরডিবি, এসএফডিএফ, পিডিবিএফ এর ভূমিকা ব্যাপক। এদের সম্মিলিত প্রচেষ্টায় বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে উঠবে।

২.২ অত:পর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগে নির্দেশনা অনুসারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ চূড়ান্ত করে তা বাস্তবায়ন করা হচ্ছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৪ এপ্রিল ২০১৩ তারিখে ৪০০ স্মারকে জারীকৃত পরিপত্রে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির কার্য পরিধি অনুযায়ী সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব ন্যাস্তকরণ, গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরীবিক্ষণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

২.৩ সভাপতি এ পর্যায়ে সভায় উপস্থিত দপ্তর/সংস্থার প্রধানদের নিকট হতে নিজ নিজ প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠায় অর্জিত সাফল্য এবং অন্তরায় থাকলে তা উপস্থাপনের অনুরোধ জানান। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বলেন, তাঁর দপ্তর শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে স্থানীয় অডিট টীমের মাধ্যমে নিরীক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। জবাবদিহিতার পর্যায়ে অডিট, শৃংখলামূলক কার্যক্রম, গণশুনানী ও অংশীজনের অংশগ্রহণে সভা করে শুদ্ধাচার প্রতিষ্ঠিত হয়েছে। মহাপরিচালক, সমবায় অধিদপ্তর বলেন, তিনি তাঁর প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে শুদ্ধাচারের নিয়মগুলো আলোচনা করেছেন। মহাপরিচালক, আরডিএ বগুড়া তাঁর দপ্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে ক্রয় পরিকল্পনা হালনাগাদ করেছেন এবং উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পন্নের লক্ষ্য বার্ষিক পরিকল্পনা করেছেন। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন বলেন, তাঁর দপ্তর শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে বিগত অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার শতভাগ অর্জন করেছে। কোম্পানী/সরকারী নিরীক্ষার পাশাপাশি অভ্যন্তরীণ কর্মকর্তা দ্বারা অডিট করিয়েছেন। তিনি আরো বলেন, ঋণ বিতরণে যাতে অনিয়ম না হয় সে লক্ষ্যে তিনি কাজ করে যাচ্ছেন। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা বলেন, নিয়োগ ও পদোন্নতি প্রক্রিয়ায় যাতে অনিয়ম না হয় সে বিষয়ে তিনি চেষ্টা করে যাচ্ছেন। মহাপরিচালক, বাপার্ড, কোটালীপাড়া জানান যে, তিনি ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে দিয়েছেন এবং শুদ্ধাচার প্রতিষ্ঠায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন। মহাপরিচালক, বিআরডিবি বলেন, তাঁর দপ্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা হালনাগাদ করেছেন। দপ্তরে শৃংখলা ফিরিয়ে আনার জন্য অডিটের বিকল্প নেই উল্লেখ করে তিনি দপ্তর, বিভাগ ও অডিট অধিদপ্তরের মধ্যে সমন্বয় সাধন করা প্রয়োজন মর্মে জানান।

(চলমান পাতা-২)

২.৪ সভায় এই বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠায় অন্তরায় চিহ্নিত করা হয় এবং অন্তরায়সমুহ দূরীকরণে কিছু প্রস্তাবনা রাখা হয় যা নিম্নরূপঃ

| ক্রম | শুদ্ধাচার প্রতিষ্ঠায় অন্তরায় | অন্তরায়সমুহ দূরীকরণে কিছু প্রস্তাবনা |
|---|---|---|
| ১. | বদলি, নিয়োগ ও পদোন্নতিতে অনিয়ম | নিয়মিত গণশুনানী, অংশিজনের সভা, বদলি নীতিমালা হালনাগাদকরণ, প্রত্যেক কর্মচারীর ডাটাবেইজ/গ্রেডেশন লিস্ট তৈরী প্রস্তুত, অডিট, মনিটরিং, পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ, অটোমেশন প্রবর্তন, ডিজিটাল সার্ভিস প্লাটফর্মে দুর্বলতা চিহ্নিতকরণ, আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন। |
| ২. | ঋণ আদায় ও বিতরণে অনিয়ম | |
| ৩. | সঞ্চয় আহরনে অনিয়ম | |
| ৪. | সমবায় সমিতির নিবন্ধন প্রক্রিয়ায় অনিয়ম | |

২.৫ অত:পর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের এনআইএস-টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ০৩টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে: ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (সূচক নং-১.১-১.৬), ২.আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন (সূচক নং-২.১-২.৫), ৩.শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম (সূচক নং-৩.১-৩.৪ কার্যক্রম)। প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শীর্ষক কর্মপরিকল্পনার আওতায় নৈতিকতা কমিটির সভা, অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন শীর্ষক কর্মপরিকল্পনার আওতায় আর্থিক বিধি-বিধান প্রতিপালনে কর্মপরিকল্পনা রয়েছে এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে শীর্ষক কর্মপরিকল্পনার আওতায় ৩.২ প্রকল্পের কাজে স্বচ্ছতা, ৩.৩ সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রমে স্বচ্ছতা এবং ৩.৪ ঋণ বিতরণে স্বচ্ছতা নিশ্চিতকল্পে তিনটি পরিদর্শনমূলক কার্যক্রম রাখা হয়েছে। এগুলো মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্থার মাধ্যমে বাস্তবায়িত হবে।

**৩. সিদ্ধান্ত:**

পরিশেষে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|
| ০১. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজনের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ-এবং প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | প্রশাসন শাখা |
| ০২. | অডিট আপত্তি যাতে উত্থাপিত না হয় সে বিষয়ে সর্তকতা হিসাবে আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে, বিধি বিধান পালন সম্পর্কে আয়ন-ব্যয়ন কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এটি অভ্যন্তরিন প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করতে হবে। | এবিভাগ ও দপ্তর/সংস্থাসমূহ |
| ০৩. | ২০২৩-২৪ অর্থবছরের দপ্তর/সংস্থার অডিট আপত্তির নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ; | বাজেট শাখা-১ |
| ০৪. | শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রম ৩,২, ৩,৩ এবং ৩.৪ বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের দায়িত্ব সম্পর্কে অবহিত করা; | এপিএ শাখা/ শুদ্ধাচার শাখা |
| ০৫. | এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার নিয়োগ, পদোন্নতি, বদলীর বিষয়ে স্বচ্ছতা আনায়নের প্রয়োজনী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ করা; | প্রশাসন শাখা |
| ০৬. | অনুচ্ছেদ ২.৪ এ উল্লিখিত শুদ্ধাচার প্রতিষ্ঠায় চিহ্নিত অন্তরায়সমূহ দূরীকরণে উত্থাপিত প্রস্তাবনাসমূহ বাস্তায়নপূর্বক এ বিভাগ-কে অবহিতকরণ এবং শুদ্ধাচার প্রতিষ্ঠায় আরো সাফল্য ও অন্তরায় পরবর্তী নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগএর এপিএ শাখা/ শুদ্ধাচার শাখা এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

৪. পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার (এনআইএস) নৈতিকতা কমিটির **সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:**

সভার তারিখ, সময় ও স্থান: ৩১/০৭/২৩, সোমবার, ০২.৪৫ ঘটিকা, সভা কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয় ঢাকা।

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/ /দপ্তর/সংস্থার নাম | টেলিফোন ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | আ: সাত্তার খান মহাপরিচালক (গ্রেড-১) | BRDB | 01732457896 | [signature] ৩১/৭/২৩ |
| ০২. | মো: হারুন-অর-রশিদ মোল্লা, মহাপরিচালক | BARD | 01711966019 | [signature] ৩১/৭ |
| ০৩. | ড. [illegible] অতি: সচিব (পরি: ও উন্ন:) | RDCD | ০১[illegible] | [signature] ৩১/০৭/২০২৩ |
| ০৪. | মুনিমা হাফিজ অতি: সচিব (আইন ও সংস্থা) | RDCD | 01552342315 | [signature] ৩১/৭/২০২৩ |
| ০৫. | তসলিমা আক্তার যুগ্মসচিব | RDCD | 01550700009 | [signature] ৩১/৭/২০২৩ |
| ০৬. | মোহাম্মদ জিল্লুর রহমান উপসচিব (প্রশাসন) | RDCD | 01712630784 | [signature] ৩১/৭/২০২৩ |
| ০৭. | [illegible] উপসচিব | [illegible] | 01712086195 | [signature] ৩১.০৭.২৩ |
| ০৮. | Swapan Kr. Bose DS | RDCD | 01716571000 | [signature] 31.07.23 |
| ০৯. | ইঞ্জিনিয়ার সুশান্ত রায় সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌ. | পাউসাবি | 01920-816293 ame@rdcd.gov.bd | [signature] 31 July 23 |
| ১০. | মো: আবুল কালাম আজাদ [illegible] | [illegible] | 01711563398 azad_bfdf2007@yahoo.com | |

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/ /দপ্তর/সংস্থার নাম | টেলিফোন ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১. | জান্নাতুল আরা ফেরদৌস সহকারী প্রকল্প পরিচালক | SFDF | ০১৭১৫৫২৫৭৪২০২ | |
| ১২. | প্রকৌ: মো: মোনায়েম উদ্দিন চৌধুরী সিস্টেম এনালিস্ট | পবিস | 01711269270 | |
| ১৩. | দীপঙ্কর মন্ডল প্রশাসনিক কর্মকর্তা | মিল্ক ইউনিয়ন | 01711039595 | |
| ১৪. | মোহা: বোরহানুল হক মহাপরিচালক | বাপার্ড | 01552344413 | |
| ১৫. | আকবর উদ্দিন আহমেদ খান | JS, RDCD | 01731545271 | |
| ১৬. | মো: খুরশীদ ইকবাল রেজভী মহা-পরিচালক | RDA, Bogura | 01720200654 | |
| ১৭. | ড. মো: মোস্তাফিজুর রহমান সিনি. সহ. সচিব | সিভিডিবি-৬ | 01731624124 | |
| ১৮. | মো: আকবর হোসেন নেজারত ও অফিস | সমবায় অধিদপ্তর | | |
| ১৯. | মো: মাহমুদ হোসাইন অতি: সচিব (প্রশাসন উইং) | বিভাগ | 01552380993 | |
| ২০. | মুহাম্মদ মতিউর রহমান প্রকল্প পরিচালক | বিআরডিবি | 01733762692 | |
| ২১. | মোহাম্মদ আবদুল আউয়াল উপসচিব | RDCD | 016767 9036 | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdcd.gov.bd

১৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ।
স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.১৬.০৩২.২৩.১৬৭ তারিখ : .......................................
৩০ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ।

সংশোধিত সভার নোটিশ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার (এনআইএস) নৈতিকতা কমিটির সভা ৩১/০৭/২০২৩ খ্রি: তারিখ রোজ সোমবার দুপুর ১২.৩০ **ঘটিকার পরিবর্তে দুপুর ০২.৪৫ ঘটিকায়** সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় অত্র বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান এবং এবিভাগের নৈতিকতা কমিটির সদস্যগণ এবং এনআইএস টিমের সকল সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

৩০/০৭/২০২৩

(নাহরিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫৭০
e-mail

বিতরন: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, বিআরডিবি, ঢাকা।
০৫। মহাপরিচালক, আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ/বার্ড, কুমিল্লা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-৫, এ্যাভিনিউ-৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
০৭। উপ-সচিব (বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৮। যুগ্মসচিব (আইন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৯। উপ-সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০। উপ-সচিব (প্রতিষ্ঠান-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১। এপিএ ও এনআইএস টিমের (সকল) সদস্যবৃন্দ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদর্শনের ব্যবস্থাসহ এবং নোটিশটি এসএমএস-এর মাধ্যমে সকল কর্মকর্তাকে অবগত করার অনুরোধসহ)।
১৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন শাখা-১), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। সিনিয়র সহকারী সচিব (এপিএ), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। প্রোগ্রামার আইসিটি সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সহকারী প্রোগ্রামার আইসিটি সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

০১। উপসচিব, সচিবালয় নিরাপত্তা অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। উপসচিব (প্রশাসন) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৪। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সভা কক্ষটি যথাসময়ে প্রস্তুত এবং ৪৫ (পঁয়তাল্লিশ) জনের আপ্যায়নের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট, পরিকল্পনা ও উন্নয়ন এবং আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।